2

# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়
## বার্ষিক অডিট রিপোর্টঃ ২০১১-২০১২

# প্রথম খন্ড

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীনস্থ
[পৌরসভা, উপজেলা ও জেলা পরিষদ এবং সিটি কর্পোরেশন (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও বরিশাল) এর ২০০৯-২০১১ অর্থ বছরের হিসাব সম্পর্কিত]

# অর্থ বৎসর ঃ ২০০৯-২০১১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত।

# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়
## বার্ষিক অডিট রিপোর্টঃ ২০১১-২০১২

# প্রথম খন্ড

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীনস্থ
[পৌরসভা, উপজেলা ও জেলা পরিষদ এবং সিটি কর্পোরেশন (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও বরিশাল) এর ২০০৯-২০১১ অর্থ বছরের হিসাব সম্পর্কিত]

## অর্থ বৎসর ঃ ২০০৯-২০১১

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত।

# সূচীপত্র


| ক্রমিক নং | বিবরণ | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ০১. | বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর প্রত্যয়ন | ক |
| ০২. | মহাপরিচালকের বক্তব্য | খ |
| ০৩. | প্রথম অধ্যায় | ১ |
| ০৪. | অডিট অনুচ্ছেদের সার-সংক্ষেপ | ৩-৪ |
| ০৫. | অডিট বিষয়ক তথ্য | ৫ |
| ০৬. | ম্যানেজমেন্ট ইস্যু | ৬ |
| ০৭. | অনিয়ম ও ক্ষতিসমূহের কারণ | ৬ |
| ০৮. | অডিটের সুপারিশ | ৬ |
| ০৯. | দ্বিতীয় অধ্যায় | ৭ |
| পৌরসভা | অনুচ্ছেদ নম্বর ০১॥ হাট বাজার, খেয়াঘাট, ফেরীঘাট ও পুকুর ইজারা মূল্যের ২০%, ৫% ও ১% অর্থ সেলামী বাবদ সরকারি খাতে জমা না দেয়ায় রাজস্ব ক্ষতি। | ১১ |
| | অনুচ্ছেদ নম্বর ০২॥ ইজারা মূল্যের উপর ভ্যাট আদায় না করায় রাজস্ব ক্ষতি। | ১২ |
| | অনুচ্ছেদ নম্বর ০৩॥ ইজারা মূল্যের উপর আয়কর সরকারি কোষাগারে জমা না করায় রাজস্ব ক্ষতি। | ১৩ |
| | অনুচ্ছেদ নম্বর ০৪॥ আদায়কৃত আয়কর সরকারি কোষাগারে জমা না করায় রাজস্ব ক্ষতি। | ১৪ |
| | অনুচ্ছেদ নম্বর ০৫॥ হাটবাজার ইজারা গ্রহীতার নিকট হতে ভ্যাট কম আদায়/ আদায় না করায় সরকারের রাজস্ব ক্ষতি। | ১৫ |
| | অনুচ্ছেদ নম্বর ০৬॥ ইজারাদারের নিকট থেকে নির্ধারিত ইজারা মূল্য আদায় না করায় সংস্থার আর্থিক ক্ষতি। | ১৬ |
| | অনুচ্ছেদ নম্বর ০৭॥ বিভিন্ন রশিদের মাধ্যমে আদায়কৃত অর্থ এবং পৌরকর পৌর তহবিলে জমা না করায় আর্থিক ক্ষতি। | ১৭ |
| উপজেলা পরিষদ ও জেলা পরিষদ | অনুচ্ছেদ নম্বর ০৮॥ হাট বাজার ইজারা মূল্যের ২০% ও ৫% সরকারি খাতে জমা না করায় সরকারের রাজস্ব ক্ষতি। | ২১ |
| | অনুচ্ছেদ নম্বর ০৯॥ ইজারা মূল্যের উপর ভ্যাট সরকারি কোষাগারে জমা না করায় রাজস্ব ক্ষতি। | ২২ |
| | অনুচ্ছেদ নম্বর ১০॥ ইজারা মূল্যের আয়কর সরকারি কোষাগারে জমা না করায় রাজস্ব ক্ষতি। | ২৩ |
| | অনুচ্ছেদ নম্বর ১১॥ আদায়কৃত ভ্যাট সরকারি কোষাগারে জমা না করায় রাজস্ব ক্ষতি। | ২৪ |
| | অনুচ্ছেদ নম্বর ১২॥ ইজারাদারের নিকট থেকে অনাদায়ী অর্থ আদায় করে সংস্থার তহবিলে জমা না করায় আর্থিক ক্ষতি। | ২৫ |
| বিভিন্ন সিটি কর্পোরেশন | অনুচ্ছেদ নম্বর ১৩॥ ডিসিসির বিভিন্ন গাড়িতে সরবরাহকৃত জ্বালানী (লুব্রিকেন্ট) এবং অন্যান্য সামগ্রীর বিলে অনিয়মিত ভাবে ১০% হারে লভ্যাংশ যোগ করে অতিরিক্ত বিল পরিশোধ করায় সংস্থার আর্থিক ক্ষতি। | ২৯ |
| | অনুচ্ছেদ নম্বর ১৪॥ নিজস্ব ওয়ার্কসপ থাকা সত্ত্বেও ঠিকাদার নিয়োগ করে গাড়ি মেরামত বাবদ পরিশোধ করায় সংস্থার আর্থিক ক্ষতি। | ৩০ |

| ক্রমিক নং | বিবরণ | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| বিভিন্ন সিটি কর্পোরেশন | অনুচ্ছেদ নম্বর ১৫। | বিভিন্ন সরবরাহকারী, অগ্রিম গ্রহণকারী ও ঠিকাদারের বিল এবং ইজারা মূল্য হতে আয়কর বাবদ অর্থ আদায় না করায় বা আদায়কৃত অর্থ জমা না করায় বা কম আদায় করায় সরকারের রাজস্ব ক্ষতি। | ৩১ |
| | অনুচ্ছেদ নম্বর ১৬। | বিভিন্ন সরবরাহকারী, অগ্রিম গ্রহণকারী এবং ঠিকাদারের বিল হতে ভ্যাট কর্তন/আদায় না করায় রাজস্ব ক্ষতি। | ৩২ |
| | অনুচ্ছেদ নম্বর ১৭। | সরকারি বিধি বিধানের অনুসরণ না করে প্রাধিকার বহির্ভূত বিজয় টিভি চ্যানেল প্রতিষ্ঠা ও সম্প্রচারের জন্য সিটি কর্পোরেশন তহবিলের আর্থিক ক্ষতি। | ৩৩ |
| | অনুচ্ছেদ নম্বর ১৮। | ইজারা মূল্য, বিজ্ঞাপনী সংস্থা ও ফি এর উপর ভ্যাট আদায় না করায় এবং আদায়কৃত ভ্যাট কোষাগারে জমা না করায় ভ্যাট সরকারি কোষাগারে জমা না করায় রাজস্ব ক্ষতি। | ৩৪-৩৫ |
| | অনুচ্ছেদ নম্বর ১৯। | হাটবাজার ইজারা মূল্যের উপর সেলামি বাবদ সরকারি খাতে জমা না করায় রাজস্ব ক্ষতি। | ৩৬ |
| | অনুচ্ছেদ নম্বর ২০। | অনিয়মিতভাবে কার লোন গ্রহীতাদের গাড়ি রক্ষণাবেক্ষণ ও জ্বালানী বাবদ অর্থ প্রদান করায় সংস্থার আর্থিক ক্ষতি। | ৩৭ |
| | অনুচ্ছেদ নম্বর ২১। | Post-work এর পরির্বতে Pre-work অনুযায়ী ঠিকাদারকে চূড়ান্ত বিল বাবদ অতিরিক্ত পরিশোধ করায় সংস্থার আর্থিক ক্ষতি। | ৩৮ |
| | অনুচ্ছেদ নম্বর ২২। | পশু জবাই ফি কম আদায় করায় সংস্থার আর্থিক ক্ষতি। | ৩৯ |
| ১০ | মহাপরিচালকের স্বাক্ষর | | ৩৯ |

# ক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১২৮, কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এ্যাডিশনাল ফাংশন্স) এ্যাক্ট, ১৯৭৪ এবং কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এ্যাডিশনাল ফাংশন্স) (এ্যামেন্ডমেন্ট) এ্যাক্ট, ১৯৭৫ অনুযায়ী মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক প্রণীত এ অডিট রিপোর্ট জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে সংবিধানের অনুচ্ছেদ ১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

স্বাক্ষরিত
মাসুদ আহমেদ
বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল।

তারিখ ঃ ২২/০১/১৪২৩ বঙ্গাব্দ
০৫/০৫/২০১৬ খ্রিস্টাব্দ

খ

## মহাপরিচালকের বক্তব্য

স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের নিরীক্ষাধীন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের বিভিন্ন প্রতিষ্ঠানের ২০০৯-২০১১ অর্থ বৎসরের হিসাব নিরীক্ষা বিভিন্ন সময়ে সম্পন্ন করা হয়। নিরীক্ষা সমাপনান্তে বিভিন্ন পৌরসভার মোট ০৭ টি অনুচ্ছেদের বিপরীতে জড়িত অর্থের পরিমাণ ১৬,২২,০০,৮৩৪/- টাকা, বিভিন্ন জেলা ও উপজেলা পরিষদ এর ০৫ টি অনুচ্ছেদের বিপরীতে জড়িত অর্থের পরিমাণ ১,৯২,৮৬,২৮৬/-. টাকা এবং ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও বরিশাল সিটি কর্পোরেশনের ১০ টি অনুচ্ছেদের বিপরীতে জড়িত অর্থের পরিমাণ ৩,৫৪,৫৫,২৫০/- টাকাসহ সর্বমোট ২১,৬৯,৪২,৩৭০/- টাকা সম্বলিত অডিট রিপোর্ট প্রণয়ন করা হয়েছে।

উল্লিখিত প্রতিষ্ঠানের হিসাব দ্বৈবচয়ন পদ্ধতিতে নমুনায়নের মাধ্যমে নিরীক্ষা করা হয়েছে। মন্ত্রণালয়ের অধীনস্থ সংস্থাসমূহের যে সকল আর্থিক অনিয়ম এই রিপোর্টে অন্তর্ভুক্ত করা হয়েছে তা উত্থাপিত সময়ের সমগ্র লেনদেনের ক্ষুদ্র অংশের প্রতিফলন মাত্র। সুতরাং এ প্রতিবেদনের আপত্তি ও মন্তব্য উদাহরণমূলক এবং প্রতিষ্ঠান সমূহের আর্থিক শৃংখলার পূর্ণাঙ্গ চিত্র নয়।

এ রিপোর্টে অন্তর্ভুক্ত অনিয়মগুলি পর্যালোচনা করে প্রতীয়মান হয় যে, নিরীক্ষিত অফিসগুলি ক্ষেত্র বিশেষে সরকারি বিধি বিধান পরিপালন না করা, সুশৃঙ্খল আর্থিক ব্যবস্থাপনার অভাব এবং অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার অপ্রতুলতা ও পূর্ববর্তী অডিট আপত্তি সমূহের উপর গুরুত্বারোপ না করার কারণে অনিয়মগুলি সংঘটিত হয়েছে। অডিট পর্যবেক্ষণের সাথে জড়িত অর্থ আদায়ের বিষয়ে প্রশাসনিক কর্তৃপক্ষের কার্যক্রম ত্বরান্বিত করা হলে সরকারি কোষাগারে উল্লিখিত রাজস্ব জমা করা সম্ভব।

স্বাক্ষরিত

(মোঃ জাকির হোসেন খোন্দকার)
মহাপরিচালক
স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর

তারিখ ঃ ২৪/১২/১৪২২ বঙ্গাব্দ
০৭/০৪/২০১৬ খ্রিস্টাব্দ

# প্রথম অধ্যায়

## (অডিট অনুচ্ছেদের সার-সংক্ষেপ ও ম্যানেজমেন্ট ইস্যু)

# "অডিট অনুচ্ছেদের সার-সংক্ষেপ"

| অনুঃ নং | আপত্তির শিরোনাম | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| **পৌরসভা** | | |
| ১. | হাট বাজার ইজারা মূল্যের ২০% ও ৫% সরকারি খাতে জমা না করায় রাজস্ব ক্ষতি। | ২,৪৯,২১,৯১৮/- |
| ২. | ইজারা মূল্যের উপর ভ্যাট সরকারি কোষাগারে জমা না করায় রাজস্ব ক্ষতি। | ৪,৭৫,২১,০৮৮/- |
| ৩. | ইজারা মূল্যের উপর আয়কর সরকারি কোষাগারে জমা না করায় রাজস্ব ক্ষতি। | ১,৪৭,০৪,৭১৮/- |
| ৪. | আদায়কৃত আয়কর সরকারি কোষাগারে জমা না করায় রাজস্ব ক্ষতি। | ৩৩,৩৮,৭৪৫/- |
| ৫. | হাটবাজার ইজারা গ্রহীতার নিকট হতে ভ্যাট কম আদায়/ আদায় না করায় সরকারের রাজস্ব ক্ষতি। | ১,৪৯,১৭,৩৪৪/- |
| ৬. | ইজারাদারের নিকট থেকে নির্ধারিত ইজারা মূল্য আদায় না করায় সংস্থার আর্থিক ক্ষতি। | ৪,৭৫,১৮,৬১৯/- |
| ৭. | বিভিন্ন রশিদের মাধ্যমে আদায়কৃত অর্থ এবং পৌরকর পৌর তহবিলে জমা না করায় আর্থিক ক্ষতি। | ৯২,৭৮,৪০২/- |
| | মোট = | ১৬,২২,০০,৮৩৪/- |
| **উপজেলা পরিষদ ও জেলা পরিষদ** | | |
| ৮. | হাট বাজার ইজারা মূল্যের উপর সেলামি বাবদ ২০% ও ৫% অর্থ ৭-ভূমি রাজস্ব খাতে জমা প্রদান না করায় সরকারের রাজস্ব ক্ষতি। | ৫২,০১,৯৭১/- |
| ৯. | ইজারাদারে নিকট হতে ১৫% ভ্যাট বাবদ আদায়কৃত টাকা সরকারি কোষাগারে জমা না করায় রাজস্ব ক্ষতি। | ৭২,০৮,৫৪২/- |
| ১০. | খেয়াঘাট ও হাট বাজার ইজারাদারের নিকট হতে আয়কর বাবদ আদায়কৃত টাকা সরকারি কোষাগারে জমা প্রদান না করায় রাজস্ব ক্ষতি। | ৬,৮৬,৪৫৮/- |
| ১১. | বিবিধ খাতে আদায়কৃত ভ্যাট বাবদ সরকারি কোষাগারে জমা না করায় রাজস্ব ক্ষতি। | ২৪,৬৭,০৪৯/- |
| ১২. | হাট বাজার ইজারাদারের নিকট থেকে ইজারা মূল্য বাবদ আদায় না করায় সংস্থার আর্থিক ক্ষতি। | ৩৭,২২,২৬৬/- |
| | মোট = | ১,৯২,৮৬,২৮৬/- |
| **বিভিন্ন সিটি কর্পোরেশন** | | |
| ১৩. | ডিসিসির বিভিন্ন গাড়িতে সরবরাহকৃত জ্বালানী (লুব্রিকেন্ট) এবং অন্যান্য সামগ্রীর বিলে অনিয়মিত ভাবে ১০% হারে লভ্যাংশ যোগ করে অতিরিক্ত বিল পরিশোধ করায় সংস্থার আর্থিক ক্ষতি। | ৮,৪৭,৪৪৩/- |
| ১৪. | নিজস্ব ওয়ার্কসপ থাকা সত্ত্বেও ঠিকাদার নিয়োগ করে গাড়ি মেরামত বাবদ পরিশোধ করায় সংস্থার আর্থিক ক্ষতি। | ৩৮,১৫,৫৩৮/- |
| ১৫. | বিভিন্ন সরবরাহকারী, অগ্রিম গ্রহণকারী ও ঠিকাদারের বিল এবং ইজারা মূল্য হতে আয়কর বাবদ অর্থ আদায় না করায় বা আদায়কৃত অর্থ জমা না করায় বা কম আদায় করায় সরকারের রাজস্ব ক্ষতি। | ৪৭,৯১,৩৭২/- |
| ১৬. | বিভিন্ন সরবরাহকারী, অগ্রিম গ্রহণকারী এবং ঠিকাদারের বিল হতে ভ্যাট কর্তন/আদায় না করায় রাজস্ব ক্ষতি। | ২০,৪৭,৪০৭/- |

| অনুঃ নং | আপত্তির শিরোনাম | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১৭. | সরকারি বিধি বিধানের অনুসরণ না করে প্রাধিকার বহির্ভূত বিজয় টিভি চ্যানেল প্রতিষ্ঠা ও সম্প্রচারের জন্য সিটি কর্পোরেশন তহবিলের আর্থিক ক্ষতি। | ৫৩,৭০,২৪২/- |
| ১৮. | ইজারা মূল্য, বিজ্ঞাপনী সংস্থা ও ফি এর উপর ভ্যাট আদায় না করায় এবং আদায়কৃত ভ্যাট কোষাগারে জমা না করায় ভ্যাট সরকারি কোষাগারে জমা না করায় রাজস্ব ক্ষতি। | ১,২৩,১০,৮৯৪/- |
| ১৯. | হাটবাজার ইজারা মূল্যের উপর সেলামি বাবদ সরকারি খাতে জমা না করায় রাজস্ব ক্ষতি। | ৩৩,৮৮,৮৮৯/- |
| ২০. | অনিয়মিতভাবে কার লোন গ্রহীতাদের গাড়ি রক্ষণাবেক্ষণ ও জ্বালানী প্রদান করায় সংস্থার আর্থিক ক্ষতি। | ১৮,৬৮,৯৪৭/- |
| ২১. | Post-work এর পরিবর্তে Pre-work অনুযায়ী ঠিকাদারকে চূড়ান্ত বিল বাবদ অতিরিক্ত পরিশোধ করায় সংস্থার আর্থিক ক্ষতি। | ৯,১০,০৫১/- |
| ২২. | পশু জবাই ফি কম আদায় করায় সংস্থার আর্থিক ক্ষতি। | ১,০৪,৪৬৫/- |
| | মোট = | ৩,৫৪,৫৫,২৫০/- |
| | সর্বমোট = | ২১,৬৯,৪২,৩৭০/- |

# "অডিট বিষয়ক তথ্য"

| | | |
|---|---|---|
| নিরীক্ষা অর্থ বৎসর | : | ২০০৯-২০১১ |
| নিরীক্ষিত প্রতিষ্ঠানের নাম | : | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর আওতাধীন পৌরসভা, উপজেলা পরিষদ, জেলা পরিষদ এবং সিটি কর্পোরেশন (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও বরিশাল) অফিসসমূহ। |
| নিরীক্ষার প্রকৃতি | : | নিয়মানুসরণ অডিট (পৌরসভা, উপজেলা,জেলা পরিষদ এবং সিটি কর্পোরেশন) |
| নিরীক্ষার সময় | : | পৌরসভা- জুলাই ২০০৯ হতে জুন, ২০১১খ্রিঃ<br>জেলা ও উপজেলা পরিষদ- জুলাই ২০০৯ হতে জুন, ২০১১খ্রিঃ<br>সিটি কর্পোরেশন - জুলাই ২০০৯ হতে জুন, ২০১১খ্রিঃ |
| আধা সরকারি পত্র নম্বর ও তারিখ | : | ▪ ২০০৯-২০১০ নং- ২২৭/ডিপি-১, ৪৮৩, ৪৮৮, ৪৯১, ৪৯৫, ৫০১, ৫০৬, ৫১১<br>তারিখঃ ৩১/০৫/২০১১, ২৭/০৭/২০১১, ১৪/০৮/২০১১, ২৫/১০/২০১১, ১২/১২/২০১১, ২৭/০২/২০১২, ১৯/০৪/২০১২, ১৫/০৫/২০১২, ৩০/০৫/৩০১২ খ্রিঃ<br>▪ ২০১০-১১ নং- ২২৭/ডিপি-১, ৫১৯, ০৮, ০৯, ১৩, ১৭, ১৯, ২৩, ২৬<br>তারিখঃ ০৯/০৫/২০১২, ১৭/০৬/২০১২, ১৭/০৭/২০১২, ১৪/০৮/২০১২, ১৫,১০,২০১২, ১১/১১/২০১২, ১২/১২/২০১২, ০৯/০১/২০১৩ খ্রিঃ<br>(পৌরসভা)<br>▪ ২০০৯-২০১০ নং- ২২৭/ ডিপি-১, ৪৮৭, ৪৯৪, ৫০০, ৫০৭, ৫১২<br>তারিখঃ ০৪/০৭/২০১১, ২৫/১০/২০১১, ১২/১২/২০১১, ২৭/০২/২০১২, ১৯/০৪/২০১২ খ্রিঃ<br>▪ ২০১০-১১ নং- ২২৭/ডিপি-১, ৫১৮, ০৭, ১০, ১২, ১৬, ২৪, ৫১৩<br>তারিখঃ ০৯/০৫/২০১২, ১৭/০৭/২০১২, ১৪/০৮/২০১২, ১৫/১০/২০১২, ১২/১২/২০১২, ১৯/০৪/২০১২ খ্রিঃ<br>(উপজেলা ও জেলা পরিষদ)<br>▪ ২০০৯ -২০১০ নং- ২২৭/ডিপি-১, ৪৯৫, ৫০১, ৫১১, ০১, ০২<br>তারিখঃ ২৫/১০/২০১১, ১২/১২/২০১১, ১৯/০৪/২০১২, ১৫/০৫/২০১২, ৩০/০৫/২০১২ খ্রিঃ<br>▪ ২০১০ -১১ নং- ২২৭/ডিপি-১, ০৯, ১৭,২৩<br>তারিখঃ ১৭/০৭/২০১২, ১৫/১০/২০১২, ১২/১২/২০১২ খ্রিঃ<br>(সিটি কর্পোরেশন)। |

## ম্যানেজমেন্ট ইস্যু :

- আদায়কৃত ভ্যাট, আয়কর , ইজারা বাবদ প্রাপ্ত অর্থ সরকারি কোষাগারে জমা না করা ;
- যথাযথ কর্তৃপক্ষের দুর্বল মূল্যায়ন ও তদারকি ;
- দুর্বল অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা ;
- রিপোর্ট রিটার্ণে ভ্যাট ও আয়কর বাবদ প্রাপ্ত অর্থ সরকারি খাতে জমার বিষয়টি প্রতিফলন না করা ;
- যানবাহন ক্রয়, সংগ্রহ, মেরামত এবং জ্বালানী ব্যয়ের ক্ষেত্রে সরকারী বিধি বিধান পরিপালনের ক্ষেত্রে গুরুত্ব অনুধাবন, ব্যয়ের ক্ষেত্রে মিতব্যয়িতা, দক্ষতা এবং ফলপ্রসূতার সমন্বয় ঘটানোর বিষয়ে বাস্তব তথ্য উদঘাটন।
- পূববর্তী অডিট আপত্তিসমূহের ওপর গুরুত্বারোপ না করা ;

## অনিয়ম ও ক্ষতিসমূহের কারণ :

- বিধি মোতাবেক হিসাব সংরক্ষণ না করা;
- ক্যাশ বহি সংরক্ষনে অনিয়ম;
- প্রত্যেকটি প্রতিষ্ঠানের কর্মকর্তা/ কর্মচারীদের জন্য লিখিত দায়িত্ব বন্টন না থাকা ;
- সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ না করা ;
- সরকারি বিধি বিধান লংঘন করে যানবাহন ক্রয়, সংগ্রহ, মেরামত এবং জ্বালানী ব্যয়ের ব্যাপারে পদক্ষেপ গ্রহণ।
- রেকর্ডপত্র সংরক্ষণের ব্যাপারে উদাসীনতা।
- সরকারি অর্থ আদায় ও জমাদানের বিষয়ে অসর্তকতা।
- ব্যয়ের ক্ষেত্রে দক্ষতা, মিতব্যয়িতা এবং ফলপ্রসূতার অভাব।
- নিলাম বিক্রয়ের ক্ষেত্রে সরকারি বিধি বিধান যথাযথ ভাবে পরিপালন না করা।
- আয়কর ও ভ্যাট কর্তন ও জমাদানের বিষয়ে উদাসীনতা প্রদর্শন।
- অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থায় শৈথিল্য ;

## অডিটের সুপারিশ :

- শুদ্ধভাবে হিসাব সংরক্ষণ এবং সময়মত হিসাব প্রণয়ন করা আবশ্যক।
- ক্যাশ বই ও ব্যাংক হিসাবের মধ্যে সমন্বয় সাধন করা আবশ্যক।
- সংশ্লিষ্ট সংস্থা সমূহের জন্য প্রযোজ্য ভ্যাট, আয়কর, ইজারা সংক্রান্ত বিধি-বিধান পরিপালন আবশ্যক।
- সরকার কর্তৃক নির্ধারিত হার অনুযায়ী রাজস্ব আদায় করা আবশ্যক।
- প্রতিষ্ঠানের আয় বৃদ্ধি সহ অনাদায়ী রাজস্ব আদায় করে বিধি মোতাবেক সরকারি কোষাগারে জমা নিশ্চিত করা প্রয়োজন।
- প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক মনিটরিং ব্যবস্থা জোরদার করা আবশ্যক।
- প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা জোরদার করা আবশ্যক।
- কর্মকর্তা/ কর্মচারীদের মধ্যে কার্যকর ও লিখিত দায়িত্ব বন্টন করা আবশ্যক।
- সরকারী বিধি বিধান, আদেশ নির্দেশ যথাযথভাবে পরিপালন এবং তদানুযায়ী কার্যকরী ব্যবস্থা গ্রহণ।
- বরাদ্দ প্রাপ্ত অর্থ সঠিক খাতে ব্যয়ের বিষয়ে নিশ্চয়তা বিধান।
- সরকারি সম্পদের মালিকানা বিষয়ে বিশেষ তৎপর হওয়া একান্ত আবশ্যক।
- অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির ব্যাপারে যথাযথ কার্যক্রম গ্রহণ।

# দ্বিতীয় অধ্যায়

## (অডিট অনুচ্ছেদসমূহ)

# পৌরসভার অনুচ্ছেদসমূহ

অনুচ্ছেদ- ০১॥

| | | |
|---|---|---|
| শিরোনাম | ঃ | **হাট বাজার, খেয়াঘাট, ফেরীঘাট ও পুকুর ইজারা মূল্যের ২০%, ৫% ও ১% অর্থ সেলামি বাবদ সরকারি খাতে জমা না দেয়ায় ২,৪৯,২১,৯১৮/- টাকা রাজস্ব ক্ষতি।** |
| অনিয়মের বিবরণ | ঃ | ▪ স্থানীয় সরকার বিভাগের অধীনস্থ ৭২টি পৌরসভার ২০০৯-১১ অর্থ বছরের হিসাব নিরীক্ষায় পরিলক্ষিত হয় যে, হাট বাজার, খেয়াঘাট, ফেরীঘাট ও পুকুর ইজারা মূল্যের ২০%, ৫% ও ১% অর্থ সেলামি বাবদ সরকারি খাতে জমা না দেয়ায় ২,৪৯,২১,৯১৮/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।<br>[বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট- "১" তে প্রদত্ত।] |
| অনিয়মের কারণ | ঃ | ▪ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ০৭/০২/২০০৮ খ্রিঃ তারিখের পত্র নং- প্রজেই-২/ হ-৫/২০০৮/১১৬/১ (৫৫০০) এর ৪(খ) (১) মোতাবেক পৌরসভার ক্ষেত্রে এবং ৪(ক)(১) মোতাবেক উপজেলা পরিষদের ক্ষেত্রে ইজারা মূল্য হতে ইজারা জনিত খরচ বাদে অবশিষ্ট মূল আয়ের ৫% অর্থ সেলামি স্বরূপ "৭-ভূমি রাজস্ব" খাতে এবং ৪(ক)(২) মোতাবেক উপজেলা পরিষদের ক্ষেত্রে ২০% অর্থ "৭-ভূমি রাজস্ব" খাতের অধীনে "৪-হাটবাজার ইজারা হতে জমা" নামক গৌণ খাতে ইজারা টাকা আদায়ের ০৭(সাত) কর্মদিবসের মধ্যে জমা প্রদান করতে হবে। |
| অডিটি প্রতিষ্ঠানের জবাব | ঃ | ▪ আপত্তিকৃত অর্থ জরুরী ভিত্তিতে যথাযথ খাতে জমার ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| নিরীক্ষা মন্তব্য | ঃ | ▪ জবাব সন্তোষজনক নয়। আপত্তিকৃত অর্থ "৭-ভূমি রাজস্ব" খাতে জমা দেয়ার ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।<br>▪ সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ২২/১২/১০ হতে ০২/৮/২০১১ তারিখ পর্যন্ত স্থানীয় সরকার বিভাগ এর সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ০৮/২/১১ হতে ০১/১১/২০১১ তারিখ পর্যন্ত তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ৩১/৫/২০১১ হতে ১২/১২/২০১১ তারিখ পর্যন্ত আধা সরকারি পত্র জারি করা হয়, অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব/ মন্তব্য পাওয়া যায়নি। |
| নিরীক্ষার সুপারিশ | ঃ | ▪ উক্ত অনিয়মের দায়-দায়িত্ব নির্ধারণ পূর্বক আপত্তিকৃত অর্থ সরকারি কোষাগারে জমা করে প্রমাণকসহ নিরীক্ষাকে অবহিত করা আবশ্যক। |

অনুচ্ছেদ-০২॥

| | | |
|---|---|---|
| শিরোনাম | ঃ | **ইজারা মূল্যের উপর ভ্যাট ১৫% বাবদ ৪,৭৫,২১,০৮৮/- আদায় না করায় রাজস্ব ক্ষতি।** |
| অনিয়মের বিবরণ | ঃ | ▪ স্থানীয় সরকার বিভাগের অধীনস্থ ৮৩টি পৌরসভার ২০০৯-১১ সনের হিসাব নিরীক্ষায় পরিলক্ষিত হয় যে, খাস আদায়/দোকান বরাদ্দের সেলামি/খেয়াঘাট/ফেরীঘাট এবং হাট বাজার ইজারাদারের নিকট থেকে ১৫% ভ্যাট বাবদ ৪,৭৫,২১,০৮৮/- টাকা আদায় না করায় সরকারের রাজস্ব ক্ষতি হয়েছে।<br>[বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট- "২" তে প্রদত্ত।] |
| অনিয়মের কারণ | ঃ | ▪ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের, স্থানীয় সরকার বিভাগের সচিব এর ০৭/০২/২০০৮ খ্রিঃ তারিখের পত্র নং- প্রজেই-২/ হ-৫/২০০৮/১১৬/১ (৫৫০০) এর ১.৩(ঝ) এবং জাতীয় রাজস্ব বোর্ডের ১২/০৬/২০০৩ তারিখের এস.আর.ও নং- ১৬৪ আইন-২০০৩/৩৭২ অনুযায়ী ইজারাদারের নিকট থেকে ১৫% ভ্যাট বাবদ অর্থ আদায় করে উহা সরকারি কোষাগারে জমা না করায় রাজস্ব ক্ষতি হয়েছে। |
| অডিটি প্রতিষ্ঠানের জবাব | ঃ | ▪ আপত্তিকৃত অর্থ আদায়ের লক্ষ্যে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| নিরীক্ষা মন্তব্য | ঃ | ▪ জবাব সন্তোষজনক নয়। ভ্যাট বাবদ আপত্তিকৃত অর্থ আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।<br>▪ সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ২৭/১১/২০১১ হতে ২/১০/২০১২ খ্রিঃ তারিখ পর্যন্ত স্থানীয় সরকার বিভাগ এর সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ৯/১/২০১২ হতে ৬/১১/২০১২ খ্রিঃ তারিখ পর্যন্ত তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ৯/৫/২০১২ হতে ১/২/১২/২০১২ খ্রিঃ তারিখ পর্যন্ত আধা সরকারি পত্র জারি করা হয়, অদ্যাবধি কোন নিস্পত্তিমূলক জবাব/ মন্তব্য পাওয়া যায়নি। |
| নিরীক্ষার সুপারিশ | ঃ | ▪ উক্ত অনিয়মের দায়-দায়িত্ব নির্ধারণ পূর্বক আপত্তিকৃত অর্থ সংশ্লিষ্টদের নিকট হতে আদায় পূর্বক সরকারি কোষাগারে জমা করে প্রমাণকসহ নিরীক্ষাকে অবহিত করা আবশ্যক। |

অনুচ্ছেদ-০৩॥

| | | |
|---|---|---|
| শিরোনাম | ঃ | **ইজারা মূল্যের উপর আয়কর বাবদ ১,৪৭,০৪,৭১৮/- টাকা আদায় না করায় রাজস্ব ক্ষতি।** |
| অনিয়মের বিবরণ | ঃ | ▪ স্থানীয় সরকার বিভাগের অধীনস্থ ৬৩টি পৌরসভার ২০০৯-১১ সনের হিসাব নিরীক্ষায় পরিলক্ষিত হয় যে, ইজারাদারের নিকট থেকে ৫% হারে আয়কর বাবদ ১,৪৭,০৪,৭১৮/- টাকা আদায় না করায় সরকারের রাজস্ব ক্ষতি হয়েছে।<br>[বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট- "৩" তে প্রদত্ত।] |
| অনিয়মের কারণ | ঃ | ▪ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের, স্থানীয় সরকার বিভাগের সচিব এর ০৭/০২/২০০৮ খ্রিঃ তারিখের পত্র নং- প্রজেই-২/হ-৫/২০০৮/১১৬/১ (৫৫০০) এর ১.৩(ঝ) মোতাবেক ইজারা প্রদানকালে ইজারা মূল্যের উপর ৫% আয়কর কর আদায় করে সরকারি কোষাগারে জমা করার বিধান রয়েছে। |
| অডিটি প্রতিষ্ঠানের জবাব | ঃ | ▪ আপত্তিকৃত অর্থ আদায়ের লক্ষ্যে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| নিরীক্ষা মন্তব্য | ঃ | ▪ জবাব সন্তোষজনক নয়। আপত্তিকৃত অর্থ আদায় পূর্বক যথাযথ খাতে জমা করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।<br>▪ সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ৪/১০/২০১০ হতে ১১/১০/২০১২ তারিখ পর্যন্ত স্থানীয় সরকার বিভাগ এর সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ১৬/৫/২০১১ খ্রিঃ হতে ১২/১১/২০১২ খ্রিঃ তারিখ পর্যন্ত তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৪/৮/২০১১ হতে ৯/১/২০১৩ খ্রিঃ তারিখ পর্যন্ত আধা সরকারি পত্র জারি করা হয়, অদ্যাবধি কোন নিস্পত্তিমূলক জবাব/ মন্তব্য পাওয়া যায়নি। |
| নিরীক্ষার সুপারিশ | ঃ | ▪ উক্ত অনিয়মের দায়-দায়িত্ব নির্ধারণ পূর্বক আপত্তিকৃত অর্থ সংশ্লিষ্টদের নিকট হতে আদায় পূর্বক সরকারি কোষাগারে জমা করে প্রমাণকসহ নিরীক্ষাকে অবহিত করা আবশ্যক। |

অনুচ্ছেদ-০৪॥

| | | |
|---|---|---|
| শিরোনাম | ঃ | **আদায়কৃত আয়কর বাবদ ৩৩,৩৮,৭৪৫/- টাকা সরকারি কোষাগারে জমা না করায় রাজস্ব ক্ষতি।** |
| অনিয়মের বিবরণ | ঃ | ▪ স্থানীয় সরকার বিভাগের অধীনস্থ ১৬টি পৌরসভার ২০০৯-১১ সনের হিসাব নিরীক্ষায় পরিলক্ষিত হয় যে, বিবিধ খাতে আদায়কৃত আয়কর বাবদ ৩৩,৩৮,৭৪৫/- টাকা সরকারি কোষাগারে জমা না করায় রাজস্ব ক্ষতি হয়েছে।<br>[বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট- "৪" তে প্রদত্ত।] |
| অনিয়মের কারণ | ঃ | ▪ জাতীয় রাজস্ব বোর্ডের ২৮/০৬/২০০৭ খ্রিঃ তারিখের এস.আর.ও নং- ১৬০-আইন/আয়কর/২০০৭ এর বিধি-১৩ মোতাবেক উৎসে কর্তনকৃত আয়কর ৩(তিন) সপ্তাহের মধ্যে সরকারি খাতে জমা করার বিধান রয়েছে । এছাড়া বাংলাদেশ ট্রেজারী রুল ৭(১) মোতাবেক আদায়কৃত অর্থ দ্রুত সরকারি কোষাগারে জমা করতে হবে। |
| অডিটি প্রতিষ্ঠানের জবাব | ঃ | ▪ আপত্তিকৃত অর্থ জমাদানের ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| নিরীক্ষা মন্তব্য | ঃ | ▪ জবাব সন্তোষজনক নয়। আয়কর বাবদ আপত্তিকৃত অর্থ সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।<br>▪ সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ৪/১০/২০১০ হতে ১১/১০/২০১২ তারিখ পর্যন্ত স্থানীয় সরকার বিভাগ এর সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ১৬/৫/২০১১ হতে ১২/১১/২০১২ তারিখ পর্যন্ত তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৪/৮/১১ হতে ৯/১১/২০১৩ তারিখ পর্যন্ত আধা সরকারি পত্র জারি করা হয়, অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব/ মন্তব্য পাওয়া যায়নি। |
| নিরীক্ষার সুপারিশ | ঃ | ▪ উক্ত অনিয়মের দায়-দায়িত্ব নির্ধারণ পূর্বক আপত্তিকৃত অর্থ সংশ্লিষ্টদের নিকট হতে আদায় পূর্বক সরকারি কোষাগারে জমা করে প্রমাণকসহ নিরীক্ষাকে অবহিত করা আবশ্যক। |

অনুচ্ছেদ-০৫॥

| | | |
|---|---|---|
| শিরোনাম | ঃ | **হাটবাজার ইজারা গ্রহীতার নিকট হতে ভ্যাট বাবদ ১,৪৯,১৭,৩৪৪/- টাকা কম আদায়/ আদায় না করায় সরকারের করায় রাজস্ব ক্ষতি।** |
| অনিয়মের বিবরণ | ঃ | ▪ স্থানীয় সরকার বিভাগের অধীনস্থ ৩৫ টি পৌরসভার ২০১০-১১ সনের হিসাব নিরীক্ষায় পরিলক্ষিত হয় যে, হাটবাজার ইজারা গ্রহীতার নিকট হতে ভ্যাট কম আদায়/ আদায় না করায় ১,৪৯,১৭,৩৪৪/- টাকা সরকারের রাজস্ব ক্ষতি হয়েছে।<br>[বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট- "৫" তে প্রদত্ত।] |
| অনিয়মের কারণ | ঃ | ▪ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের, স্থানীয় সরকার বিভাগের সচিব এর ০৭/০২/২০০৮ খ্রিঃ তারিখের পত্র নং- প্রজেই-২/ হ-৫/২০০৮/১১৬/১ (৫৫০০) এর ১.৩(ঝ) মোতাবেক এবং জাতীয় রাজস্ব বোর্ডের ১২/০৬/২০০৩ তারিখের এস.আর.ও নং- ১৬৪ আইন-২০০৩/ ৩৭২ মোতাবেক নির্ধারিত ভ্যাট আদায় করে সরকারি কোষাগারে জমা না করায় রাজস্ব ক্ষতি হয়েছে। |
| অডিটি প্রতিষ্ঠানের জবাব | ঃ | ▪ আপত্তিকৃত অর্থ আদায়ের ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| নিরীক্ষা মন্তব্য | ঃ | ▪ জবাব সন্তোষজনক নয়। ভ্যাট বাবদ আপত্তিকৃত অর্থ আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।<br>▪ সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ১৭/১/২০১২ হতে ১১/১০/২০১২ খ্রিঃ তারিখ পর্যন্ত স্থানীয় সরকার বিভাগ এর সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ২৮/২/২০১২ খ্রিঃ হতে ১২/১১/২০১২ খ্রিঃ তারিখ পর্যন্ত তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ৯/৫/২০১২ হতে ৯/১/২০১২ খ্রিঃ তারিখ পর্যন্ত আধা সরকারি পত্র জারি করা হয়, অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব/মন্তব্য পাওয়া যায়নি। |
| নিরীক্ষার সুপারিশ | ঃ | ▪ আপত্তিকৃত ১,৪৯,১৭,৩৪৪/- টাকা দায়-দায়িত্ব নির্ধারণ পূর্বক সংশ্লিষ্টদের নিকট হতে আদায় পূর্বক সরকারি কোষাগারে জমা করে প্রমাণকসহ নিরীক্ষাকে অবহিত করা আবশ্যক। |

অনুচ্ছেদ-০৬॥

| | | |
|---|---|---|
| শিরোনাম | ঃ | ইজারাদারের নিকট থেকে নির্ধারিত ইজারা মূল্য আদায় না করায় সংস্থার ৪,৭৫,১৮,৬১৯/- টাকা আর্থিক ক্ষতি। |
| অনিয়মের বিবরণ | ঃ | ▪ স্থানীয় সরকার বিভাগের অধীনস্থ ৪৬টি পৌরসভার ২০০৯-১১ সনের হিসাব নিরীক্ষায় পরিলক্ষিত হয় যে, হাটবাজার ও অন্যান্য ইজারাদারের নিকট হতে ইজারা মূল্য বাবদ ৪,৭৫,১৮,৬১৯/- টাকা আদায় না করায় সংস্থার আর্থিক ক্ষতি হয়েছে।<br><br>[বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট- "৬" তে প্রদত্ত।] |
| অনিয়মের কারণ | ঃ | ▪ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের, স্থানীয় সরকার বিভাগের সচিব এর ০৭/০২/২০০৮ তারিখের পত্র নং- প্রজেই-২/হ-৫/২০০৮/১১৬/১ (৫৫০০) এর ৯(ক) অনুযায়ী ইজারা টাকা সংস্থার তহবিলে জমা করার বিধান রয়েছে। |
| অডিটি প্রতিষ্ঠানের জবাব | ঃ | ▪ রেকর্ডপত্র পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| নিরীক্ষা মন্তব্য | ঃ | ▪ জবাব সন্তোষজনক নয়। সরকারি আদেশের ব্যত্যয় ঘটায় আপত্তি মোতাবেক বর্নিত অর্থ আদায় ও সংস্থার তহবিলে জমা করা আবশ্যক।<br><br>▪ সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ৪/১০/২০১০ হতে ২৬/২/২০১২ তারিখ পর্যন্ত স্থানীয় সরকার বিভাগ এর সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ১৬/৫/২০১১ হতে ২৮/৩/২০১২ তারিখ পর্যন্ত তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৪/৮/২০১১ হতে ৩০/৫/২০১২ তারিখ পর্যন্ত আধা-সরকারি পত্র জারি করা হয়, অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব/ মন্তব্য পাওয়া যায়নি। |
| নিরীক্ষার সুপারিশ | ঃ | ▪ উক্ত সময়ে আপত্তিকৃত অর্থ দায়-দায়িত্ব নির্ধারণ পূর্বক সংশ্লিষ্টদের নিকট হতে আদায় পূর্বক সংস্থার তহবিলে জমা করে প্রমাণকসহ নিরীক্ষাকে অবহিত করা আবশ্যক। |

অনুচ্ছেদ-০৭॥

| | | |
|---|---|---|
| শিরোনাম | ঃ | **বিভিন্ন রশিদের মাধ্যমে আদায়কৃত অর্থ এবং পৌরকর পৌরতহবিলে জমা না করায় ৯২,৭৮,৪০২/-টাকা সংস্থার আর্থিক ক্ষতি।** |
| অনিয়মের বিবরণ | ঃ | ▪ স্থানীয় সরকার বিভাগের অধীনস্থ ০৭টি পৌরসভার ২০০৯-১১ সনের হিসাব নিরীক্ষায় পরিলক্ষিত হয় যে, বিবিধ খাতে আদায়কৃত ৯২,৭৮,৪০২/- টাকা পৌরতহবিলে জমা করা হয়নি।<br><br>[বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট- "৭" তে প্রদত্ত।] |
| অনিয়মের কারণ | ঃ | ▪ বাংলাদেশ ট্রেজারী রুল ৭(১) মোতাবেক সরকারি কর্মচারীগণের দ্বারা গৃহীত অথবা তাদের নিকট জমাকৃত সমুদয় অর্থ অনতিবিলম্বে ব্যাংকে জমা করতে হবে এবং সরকারের হিসাবে অন্তর্ভুক্ত করতে হবে। সরকারের কোন বিভাগ সরকারের রাজস্ব বাবদ প্রাপ্ত অর্থ সরকারের হিসাবের বাইরে রাখতে পারবে না। কাজেই আপত্তিকৃত অর্থ জমা না করায় সংস্থার আর্থিক ক্ষতি। |
| অডিটি প্রতিষ্ঠানের জবাব | ঃ | ▪ যাচাইবাছাই করে ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| নিরীক্ষা মন্তব্য | ঃ | ▪ জবাব সন্তোষজনক নয়। সরকারি আদেশের ব্যত্যয় ঘটায় আপত্তিকৃত অর্থ পৌর তহবিলে জমার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।<br><br>▪ সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ২০/২/২০১১ হতে ২/১০/২০১২ খ্রিঃ তারিখ পর্যন্ত স্থানীয় সরকার বিভাগ এর সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ১৭/৪/২০১১ হতে ৬/১১/২০১২ খ্রিঃ তারিখ পর্যন্ত তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ২৭/৭/২০১১ হতে ১২/১২/২০১২ খ্রিঃ তারিখ পর্যন্ত আধা সরকারি পত্র জারি করা হয়, অদ্যাবধি কোন নিস্পত্তিমূলক জবাব/ মন্তব্য পাওয়া যায়নি। |
| নিরীক্ষার সুপারিশ | ঃ | ▪ উক্ত অনিয়মের দায়-দায়িত্ব নির্ধারণ পূর্বক আপত্তিকৃত অর্থ সংশ্লিষ্টদের নিকট হতে আদায় পূর্বক পৌরতহবিলে জমা করে প্রমাণকসহ নিরীক্ষাকে অবহিত করা আবশ্যক। |

# উপজেলা ও জেলা পরিষদের অনুচ্ছেদসমূহ

অনুচ্ছেদ- ০৮॥

| | | |
|---|---|---|
| শিরোনাম | ঃ | **হাট বাজার ইজারা মূল্যের উপর সেলামি বাবদ ২০% ও ৫% অর্থ ৭-ভূমি রাজস্ব খাতে জমা প্রদান না করায় সরকারের ৫২,০১,৯৭১/- টাকা রাজস্ব ক্ষতি।** |
| অনিয়মের বিবরণ | ঃ | ▪ স্থানীয় সরকার বিভাগের অধীনস্থ ১০টি উপজেলা পরিষদের ২০০৯-১১ অর্থ বছরের হিসাব নিরীক্ষায় পরিলক্ষিত হয় যে, হাট বাজার ইজারা মূল্যের উপর সেলামি বাবদ ২০% ও ৫% অর্থ ৭-ভূমি রাজস্ব খাতে জমা প্রদান না করায় সরকারের **৫২,০১,৯৭১/-** টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।<br>[বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট- "৮"তে প্রদত্ত]। |
| অনিয়মের কারণ | ঃ | ▪ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ০৭/০২/২০০৮ খ্রিঃ তারিখের পত্র নং- প্রজেই-২/ হ-৫/২০০৮/১১৬/১ (৫৫০০) এর ৪(খ) (১) মোতাবেক পৌরসভার ক্ষেত্রে এবং ৪(ক)(১) মোতাবেক উপজেলা পরিষদের ক্ষেত্রে ইজারা মূল্য হতে ইজারা জনিত খরচ বাদে অবশিষ্ট মূল আয়ের ৫% অর্থ সেলামি স্বরূপ "৭-ভূমি রাজস্ব" খাতে এবং ৪(ক)(২) মোতাবেক উপজেলা পরিষদের ক্ষেত্রে ২০% অর্থ "৭- ভূমি রাজস্ব" খাতের অধীনে "৪- হাটবাজার ইজারা হতে জমা" নামক গৌন খাতে ইজারা টাকা আদায়ের ০৭(সাত) কর্মদিবসের মধ্যে জমা প্রদান করতে হবে। |
| অডিটি প্রতিষ্ঠানের জবাব | ঃ | ▪ আপত্তিকৃত অর্থ জরুরি ভিত্তিতে যথাযথ খাতে জমার ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| নিরীক্ষা মন্তব্য | ঃ | ▪ জবাব সন্তোষজনক নয়। সরকারি আদেশের ব্যত্যয় ঘটায় আপত্তিকৃত অর্থ দ্রুত জমার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।<br>▪ সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ০৬/৪/২০১১ হতে ৯/৯/২০১২ খ্রিঃ তারিখ পর্যন্ত স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ১১/৫/২০১১ হতে ৩১/১০/২০১২ খ্রিঃ তারিখ পর্যন্ত তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ৪/৭/২০১১ হতে ১২/১২/২০১২ তারিখ পর্যন্ত আধা সরকারি পত্র জারি করা হয়, অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব/ মন্তব্য পাওয়া যায়নি। |
| নিরীক্ষার সুপারিশ | ঃ | ▪ উক্ত অনিয়মের দায়-দায়িত্ব নির্ধারণ পূর্বক আপত্তিকৃত অর্থ সরকারি কোষাগারে জমা করে প্রমাণকসহ নিরীক্ষাকে অবহিত করা আবশ্যক। |

অনুচ্ছেদ-০৯॥

| | | |
|---|---|---|
| শিরোনাম | ঃ | ইজারাদারে নিকট হতে ১৫% ভ্যাট বাবদ আদায়কৃত ৭২,০৮,৫৪২/- টাকা সরকারি কোষাগারে জমা না করায় রাজস্ব ক্ষতি। |
| অনিয়মের বিবরণ | ঃ | ▪ স্থানীয় সরকার বিভাগের অধীনস্থ ১৫টি উপজেলা পরিষদ ও ২টি জেলা পরিষদের ২০০৯-১১ সনের হিসাব নিরীক্ষায় পরিলক্ষিত হয় যে, খেয়াঘাট ও হাট বাজার ইজারাদারের নিকট থেকে ১৫% ভ্যাট বাবদ আদায়কৃত ৭২,০৮,৫৪২/- টাকা সরকারি কোষাগারে জমা করা হয়নি।<br>[বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট- "৯" তে প্রদত্ত।] |
| অনিয়মের কারণ | ঃ | ▪ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ০৭/০২/২০০৮ খ্রিঃ তারিখের পত্র নং- প্রজেই-২/ হ-৫/২০০৮/১১৬/১ (৫৫০০) এর ১.৩(ঝ) এবং জাতীয় রাজস্ব বোর্ডের এস.আর.ও নং- ১৬৪ আইন-২০০৩/৩৭২, তাং- ১২/৬/২০০৩ মোতাবেক ইজারার বিপরীতে ১৫% ভ্যাট আদায় করতঃ সরকারি কোষাগারে জমা করার নির্দেশ রয়েছে। |
| অডিটি প্রতিষ্ঠানের জবাব | ঃ | ▪ আপত্তিকৃত অর্থ জমার লক্ষ্যে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| নিরীক্ষা মন্তব্য | ঃ | ▪ জবাব সন্তোষজনক নয়। সরকারি আদেশের ব্যত্যয় ঘটায় ভ্যাট বাবদ আপত্তিকৃত অর্থ সরকারি খাতে জমার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।<br>▪ সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ১০/১১/২০১০ হতে ৪/১০/২০১২ খ্রিঃ তারিখ পর্যন্ত স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ২৬/১২/২০১০ হতে ২১/১০/২০১২ খ্রিঃ তারিখ পর্যন্ত তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ৪/৭/২০১১ হতে ১২/১২/২০১২ খ্রিঃ তারিখ পর্যন্ত আধা সরকারি পত্র জারি করা হয়, অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব/ মন্তব্য পাওয়া যায়নি। |
| নিরীক্ষার সুপারিশ | ঃ | ▪ উক্ত অনিয়মের দায়-দায়িত্ব নির্ধারণ পূর্বক আপত্তিকৃত অর্থ সরকারি কোষাগারে জমা করে প্রমাণকসহ নিরীক্ষাকে অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে। |

অনুচ্ছেদ-১০॥

| | | |
|---|---|---|
| শিরোনাম | ঃ | খেয়াঘাট ও হাট বাজার ইজারাদারের নিকট হতে আয়কর বাবদ আদায়কৃত ৬,৮৬,৪৫৮/-টাকা সরকারি কোষাগারে জমা প্রদান না করায় রাজস্ব ক্ষতি। |
| অনিয়মের বিবরণ | ঃ | ▪ স্থানীয় সরকার বিভাগের অধীনস্থ ০১টি উপজেলা পরিষদ ও ০৪টি জেলা পরিষদের ২০০৯-১১ সনের হিসাব নিরীক্ষায় পরিলক্ষিত হয় যে, খেয়াঘাট ও হাট বাজার ইজারাদারের নিকট থেকে ৫% হারে আয়কর বাবদ আদায়কৃত ৬,৮৬,৪৫৮/-টাকা সরকারি কোষাগারে জমা করা হয়নি।<br>[বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট- "১০" তে প্রদত্ত।] |
| অনিয়মের কারণ | ঃ | ▪ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ০৭/০২/২০০৮ খ্রিঃ তারিখের পত্র নং- প্রজেই-২/ হ-৫/২০০৮/১১৬/১ (৫৫০০) এর ১.৩(ঝ) মোতাবেক দরপত্র অনুমোদনের বিষয়টি দরপত্র দাতা অবহিত হওয়ার ০৭(সাত) কর্মদিবসের মধ্যে ইজারা মূল্যের উপর ৫% আয়কর আদায় করে সরকারি কোষাগারে জমা না করায় রাজস্ব ক্ষতি হয়েছে। |
| অডিটি প্রতিষ্ঠানের জবাব | ঃ | ▪ আপত্তিকৃত অর্থ জমার লক্ষ্যে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| নিরীক্ষা মন্তব্য | ঃ | ▪ জবাব সন্তোষজনক নয়। সরকারি আদেশের ব্যত্যয় ঘটায় আয়কর বাবদ আপত্তিকৃত অর্থ জমার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।<br>▪ সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ১০/২/২০১১ হতে ৪/১০/২০১২ খ্রিঃ তারিখ পর্যন্ত স্থানীয় সরকার বিভাগ এর সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ২০/৩/২০১১ হতে ২১/১০/২০১২ খ্রিঃ তারিখ পর্যন্ত তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ৪/৭/২০১১ হতে ১২/১২/২০১২ খ্রিঃ তারিখ পর্যন্ত আধা সরকারি পত্র জারি করা হয়, অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব/ মন্তব্য পাওয়া যায়নি।<br>▪ সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ১১/৪/২০১২ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ২০/৫/২০১২ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৭/৭/২০১২ খ্রিঃ তারিখে আধা সরকারি পত্র জারি করা হয়, অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব/ মন্তব্য পাওয়া যায়নি। |
| নিরীক্ষার সুপারিশ | ঃ | ▪ উক্ত অনিয়মের দায়-দায়িত্ব নির্ধারণ পূর্বক আপত্তিকৃত অর্থ সরকারি কোষাগারে জমা করে প্রমাণকসহ নিরীক্ষাকে অবহিত করা আবশ্যক। |

অনুচ্ছেদ-১১॥

| | | |
|---|---|---|
| শিরোনাম | ঃ | বিবিধ খাতে আদায়কৃত ভ্যাট বাবদ ২৪,৬৭,০৪৯/- টাকা সরকারি কোষাগারে জমা না করায় রাজস্ব ক্ষতি। |
| অনিয়মের বিবরণ | ঃ | ▪ স্থানীয় সরকার বিভাগের অধীনস্থ ৮টি জেলা পরিষদের ২০০৮-১১ সনের হিসাব নিরীক্ষায় পরিলক্ষিত হয় যে, বিবিধ খাতে আদায়কৃত ভ্যাট বাবদ **২৪,৬৭,০৪৯/-** টাকা সরকারি কোষাগারে জমা করা হয়নি।<br>[বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট- "১১" তে প্রদত্ত।] |
| অনিয়মের কারণ | ঃ | ▪ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের, স্থানীয় সরকার বিভাগের সচিব এর ০৭/০২/২০০৮ খ্রিঃ তারিখের পত্র নং- প্রজেই-২/ হ-৫/২০০৮/১১৬/১ (৫৫০০) এর ১.৩(ঝ) মোতাবেক এবং জাতীয় রাজস্ব বোর্ডের ১২/০৬/২০০৩ তারিখের এস.আর.ও নং- ১৬৪ আইন-২০০৩/৩৭২ মোতাবেক ভ্যাট বাবদ আদায়কৃত অর্থ সরকারি কোষাগারে জমা করা আবশ্যক। |
| অডিটি প্রতিষ্ঠানের জবাব | ঃ | ▪ আপত্তিকৃত অর্থ জমাদানের ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| নিরীক্ষা মন্তব্য | ঃ | ▪ জবাব সন্তোষজনক নয়। সরকারি আদেশের ব্যত্যয় ঘটায় ভ্যাট বাবদ আপত্তিকৃত অর্থ জমাদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।<br>▪ সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ১১/৪/২০১২ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগের সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ২০/৫/২০১২ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৭/৭/২০১২ খ্রিঃ তারিখে আধা সরকারি পত্র জারি করা হয়, অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব/ মন্তব্য পাওয়া যায়নি। |
| নিরীক্ষার সুপারিশ | ঃ | ▪ উক্ত অনিয়মের দায়-দায়িত্ব নির্ধারণ পূর্বক আপত্তিকৃত অর্থ সরকারি কোষাগারে জমা করে প্রমাণকসহ নিরীক্ষাকে অবহিত করা আবশ্যক। |

অনুচ্ছেদ-১২॥

| | | |
|---|---|---|
| শিরোনাম | ঃ | **হাট বাজার ইজারাদারের নিকট থেকে ইজারা মূল্য বাবদ ৩৭,২২,২৬৬/-টাকা আদায় না করায় সংস্থার আর্থিক ক্ষতি।** |
| অনিয়মের বিবরণ | ঃ | ▪ স্থানীয় সরকার বিভাগের অধীনস্থ ০২ টি উপজেলা পরিষদের ২০০৮-১১ সনের হিসাব নিরীক্ষায় পরিলক্ষিত হয় যে, হাটবাজার ইজারাদারের নিকট থেকে ইজারা মূল্য বাবদ ৩৭,২২,২৬৬/- টাকা আদায় করে সংস্থার তহবিলে জমা করা হয়নি।<br><br>[বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট- "১২" তে প্রদত্ত।] |
| অনিয়মের কারণ | ঃ | ▪ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের, স্থানীয় সরকার বিভাগের সচিব এর ০৭/০২/২০০৮ তারিখের পত্র নং- প্রজেই-২/হ-৫/২০০৮/১১৬/১ (৫৫০০) এর ৯(ক) অনুযায়ী ইজারার স্থান হস্তান্তরের পূর্বেই সমুদয় টাকা আদায় পূর্বক সংস্থার তহবিলে জমা করার বিধান রয়েছে। |
| অডিটি প্রতিষ্ঠানের জবাব | ঃ | ▪ রেকর্ডপত্র পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| নিরীক্ষা মন্তব্য | ঃ | ▪ জবাব সন্তোষজনক নয়। সরকারি আদেশের ব্যত্যয় ঘটায় আপত্তিকৃত অর্থ দ্রুত আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।<br><br>▪ সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ৬/২/২০১১ হতে ৪/১০/২০১২ তারিখ পর্যন্ত স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ২৪/৩/২০১১ হতে ২১/১০/২০১২ তারিখ পর্যন্ত তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ৪/৭/২০১১ হতে ১২/১২/২০১২ তারিখ পর্যন্ত আধা সরকারি পত্র জারি করা হয়, অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব/ মন্তব্য পাওয়া যায়নি। |
| নিরীক্ষার সুপারিশ | ঃ | ▪ উক্ত অনিয়মের দায়-দায়িত্ব নির্ধারণ পূর্বক আপত্তিকৃত অর্থ সংশ্লিষ্টদের নিকট হতে আদায় পূর্বক সংস্থার তহবিলে জমা করে প্রমাণকসহ নিরীক্ষাকে অবহিত করা আবশ্যক। |

# বিভিন্ন সিটি কর্পোরেশন

অনুচ্ছেদ নং- ১৩॥

| | | |
|---|---|---|
| শিরোনাম | ঃ | ডিসিসির বিভিন্ন গাড়িতে সরবরাহকৃত জ্বালানী (লুব্রিকেন্ট) এবং অন্যান্য সামগ্রীর বিলে অনিয়মিত ভাবে ১০% হারে লভ্যাংশ যোগ করে অতিরিক্ত বিল পরিশোধ করায় সংস্থার ৮,৪৭,৪৪৩/- টাকা আর্থিক ক্ষতি। |
| অনিয়মের বিবরণ | ঃ | ▪ ঢাকা সিটি কর্পোরেশন এর নিয়ন্ত্রণাধীন পরিবহন পুলের ২০০৯-১১ সনের হিসাব নিরীক্ষায় গাড়ির জ্বালানী (লুব্রিকেন্ট) এবং অন্যান্য সামগ্রী ক্রয়ের ভাউচার ও অন্যান্য রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, ডিসিসির বিভিন্ন গাড়িতে সরবরাহকৃত জ্বালানী বিলের উপর ১০% লভ্যংশ যোগ করে গোমতি ফিলিং ষ্টেশন এন্ড সাপ্লাইয়াস লিঃ কে অতিরিক্ত অর্থ পরিশোধ করায় সংস্থার ৮,৪৭,৪৪৩/-টাকা আর্থিক ক্ষতি হয়েছে।<br>[বিস্তারিত বিবরণ পরিশিষ্ট "১৩" দ্রষ্টব্য] |
| অনিয়মের কারণ | ঃ | ▪ নিয়ম বহির্ভূতভাবে বিল প্রদানকারী কর্তৃপক্ষ অর্থাৎ সিটি কর্পোরেশন কর্তৃক প্রদানযোগ্য বিলে অতিরিক্ত ১০% লভ্যাংশ যোগ করে বিল প্রদান করায় অতিরিক্ত অর্থ পরিশোধিত হয়েছে। |
| স্থানীয় অফিসের জবাব | ঃ | ▪ সরবরাহকারী প্রতিষ্ঠান জেঃ আর ট্রেডিং লিঃ কর্তৃক গোমতি পেট্রোল পাম্পটি সরকারি নীতিমালা অনুযায়ী লীজের মাধ্যমে ৩(তিন) বছর ভিত্তিক ইজারা প্রাপ্ত হয়ে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন হতে জ্বালানী ও জ্বালানীজাত দ্রব্যাদি ক্রয় করে ঢাকা সিটি কর্পোরেশনকে সরবরাহ করে থাকেন। ঢাকা সিটি কর্পোরেশন যেহেতু সেবামূলক প্রতিষ্ঠান সে লক্ষ্য বিবেচনা করে শুধুমাত্র লুব্রিকেন্ট এর উপর কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ১০% লভ্যাংশ প্রদান করা হয়ে থাকে। |
| নিরীক্ষা মন্তব্য | ঃ | ▪ জবাব সন্তোষজনক নয়। প্রাধিকার বহির্ভূতভাবে বিলের অতিরিক্ত অর্থ প্রদান করার কোন অবকাশ নাই। কিন্তু এক্ষেত্রে চাহিদাকৃত বিলের সাথে অতিরিক্ত ১০% লভ্যাংশ যোগ করে অর্থ ৮,৪৭,৪৪৩/- টাকা প্রদান করা হয়েছে যা অনিয়মিত এবং আদায়যোগ্য।<br>▪ সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ১৩/০৫/২০১২খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগ এর সচিব বরাবর অগ্রিম অনুচ্ছেদ ইস্যু করা হয়। পরবর্তীতে ১০/০৬/২০১২খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৭/০৭/২০১২খ্রিঃ তারিখে আধা সরকারি পত্র জারি করা হয়, অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব/ মন্তব্য পাওয়া যায়নি। |
| নিরীক্ষার সুপারিশ | ঃ | ▪ উক্ত অনিয়মের দায়-দায়িত্ব নির্ধারণসহ আপত্তিকৃত অর্থ আদায়পূর্বক সংস্থার তহবিলে জমা করে প্রমাণকসহ নিরীক্ষাকে অবহিত করা আবশ্যক। |

অনুচ্ছেদ নং- ১৪॥

শিরোনাম ঃ নিজস্ব ওয়ার্কসপ থাকা সত্ত্বেও ঠিকাদার নিয়োগ করে গাড়ি মেরামত বাবদ ৩৮,১৫,৫৩৮/- টাকা পরিশোধ করায় সংস্থার আর্থিক ক্ষতি।

অনিয়মের বিবরণ ঃ
- ঢাকা সিটি কর্পোরেশন ঢাকা এর যান্ত্রিক-১ বিভাগের ২০০৯-১১ সনের হিসাব নিরীক্ষায় বিভিন্ন গাড়ি মেরামত বিল ভাউচার যাচাইয়ে লক্ষ্য করা যায় ডিসিসির নিজস্ব ওয়ার্কসপ থাকা সত্ত্বেও ঠিকাদার নিয়োগ করে গাড়ির মেরামত বাবদ ৩৮,১৫,৫৩৮/-টাকা পরিশোধ করায় সংস্থার আর্থিক ক্ষতি হয়েছে।

  [বিস্তারিত বিবরণ পরিশিষ্ট "১৪" দ্রষ্টব্য।]

অনিয়মের কারণ ঃ
- ডিসিসির নিজস্ব ওয়ার্কসপ থাকা সত্ত্বেও উক্ত ওয়ার্কসপে গাড়ি মেরামত না করে ঠিকাদার নিয়োগ করে গাড়ি মেরামত দেখিয়ে অনিয়মিতভাবে বিল পরিশোধ করা হয়েছে।
- মেরামতের স্বপক্ষে কোন চাহিদা পত্র নাই।
- মেরামত যোগ্য গাড়ি সমূহ মেরামতের স্বপক্ষে একজন অভিজ্ঞ ম্যাকানিক্যাল ইঞ্জিনিয়ার কর্তৃক প্রাক পরিদর্শন প্রত্যয়ন পত্র গ্রহন করা হয়নি। ক্রয়কৃত নতুন ও পুরাতন যন্ত্রাংশের মজুদ হিসাব সংরক্ষন করা হয়নি।
- গাড়ির হিস্ট্রি বহি অডিটে উপস্থাপন করা হয়নি। ফলে বিগত মেরামতের বিষয়ে সঠিক তথ্য পাওয়া যায়নি।
- উল্লেখ্য যে, কোন কোন জীপ গাড়ি একই বৎসরে একাধিকবার মেরামত দেখিয়ে অস্বাভাবিক বিল পরিশোধ করা হয়েছে । যেমন গাড়ি নং- ঘ-১১-৫৪৩৮- ও ঘ-১১-৫৪২৭ মেরামতে একই বৎসরে যথাক্রমে ১২,২৮,৬৮২/- টাকা ও ৮,১৫,০১৫/-টাকা ব্যয় করা হয়েছে যা বাস্তব সম্মত নয়। অনিয়মিতভাবে ৩৮,১৫,৫৩৮/- টাকা বিল পরিশোধ করায় সংস্থার আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।

স্থানীয় অফিসের জবাব ঃ
- টেন্ডার প্রক্রিয়া যথাযথভাবে সম্পন্ন করে মেরামত করা হয়েছে।

নিরীক্ষা মন্তব্য ঃ
- স্থানীয় অফিসের জবাব আপত্তির সংগে সংগতিপূর্ণ নয়। কারন জবাবে টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করে গাড়ি মেরামতের বিষয়ে উল্লেখ করা হলেও ডিসিসির নিজস্ব ওয়ার্কসপে মেরামত না করে ওয়ার্কসপের বাইরে মেরামত কাজ সম্পাদনের কারন উল্লেখ করা হয়নি। মেরামতের সপক্ষে কোন চাহিদাপত্র ছাড়াই এবং অভিজ্ঞ ম্যাকানিক্যাল ইঞ্জিনিয়ার কর্তৃক প্রাক পরিদর্শন প্রত্যয়ন ব্যতিরেকে নিজস্ব ওয়ার্কসপের বাইরে গাড়ি মেরামতে নিয়ম বহির্ভূত ভাবে ব্যয় নির্বাহ করা হয়েছে।
- বর্নিত আনুষ্ঠানিকতা প্রতিপালন ব্যতিরেকে নিজস্ব ওয়ার্কসপ বহির্ভূত গাড়ি মেরামতে এ ধরনের ব্যয় আর্থিক শৃংঙ্খলার পরিপন্থি বিধায় জড়িত সমুদয় অর্থ আদায়যোগ্য।
- সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ১৩/০৫/২০১২খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগ এর সচিব বরাবর অগ্রিম অনুচ্ছেদ ইস্যু করা হয়। পরবর্তীতে ১০/০৬/২০১২খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৭/০৭/২০১২খ্রিঃ তারিখে আধা সরকারি পত্র সচিব বরাবর জারী করা হয়, অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব/ মন্তব্য পাওয়া যায়নি।

**নিরীক্ষার** সুপারিশ ঃ
- উক্ত অনিয়মের দায়-দায়িত্ব নির্ধারণসহ আপত্তিকৃত ৩৮,১৫,৫৩৮/-টাকা আদায় পূর্বক সংস্থার তহবিলে জমা করে প্রমানকসহ নিরীক্ষাকে অবহিত করা আবশ্যক।

অনুচ্ছেদ নং- ১৫।।

| | | |
|---|---|---|
| শিরোনাম | ঃ | **বিভিন্ন সরবরাহকারী, অগ্রিম গ্রহণকারী ও ঠিকাদারের বিল এবং ইজারা মূল্য হতে আয়কর বাবদ অর্থ আদায় না করায় বা আদায়কৃত অর্থ জমা না করায় বা কম আদায় করায় ৪৭,৯১,৩৭২/- টাকা সরকারের রাজস্ব ক্ষতি।** |
| অনিয়মের বিবরণ | ঃ | ▪ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের হিসাব নিরীক্ষাকালে দেখা যায় যে, ২০০৯-২০১০ সনে বিভিন্ন সরবরাহকারী এবং অগ্রিম গ্রহণকারীর বিল হতে আয়কর আদায় না করায় বাবদ ৪,২২,৫১৪/- টাকা,<br>▪ ২০১০-২০১১ সনে সাগরিকা গরুর বাজারটি ১৪১৮ বাংলা সনের জন্য জনাব মোঃ এরশাদ মামুন গং-কে ৬,৭৭,৭৭,৭৮৬/- টাকায় ইজারা প্রদান করা হয়। সরকারি বিধি মোতাবেক উক্ত টাকার সাথে আদায়কৃত ৫% আয়কর বাবদ ৩৩,৮৮,৮৮৯/- টাকা, এবং পরিশোধিত বিল হতে ৩% হারে উৎসে আয়কর কর্তন/আদায় না করায় সরকারের ৫,১৭,১৮৮/- টাকা,<br>▪ রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী কার্যালয়ের ২০১০-১১ আর্থিক সনের হিসাব নিরীক্ষায় পার্ক ইজারা সংক্রান্ত নথিপত্র পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, "শহীদ জিয়া শিশু পার্ক" ইজারাদারের নিকট হতে আয়কর বাবদ ১,৪৭,৫০০/- টাকা এবং বিভিন্ন ঠিকাদারের নিকট হতে আয়কর কম কর্তন বাবদ ১,০৪,২৭৬/- টাকা এবং<br>▪ খুলনা সিটি কর্পোরেশন, খুলনা কার্যালয়ের ২০১০-১১ সনের হিসাব নিরীক্ষায় রূপসা ফেরিঘাট ইজারা নথিপত্র পর্যালোচনায় দেখা যায় যে, রূপসা ফেরিঘাট বাংলা ১৪১৮ সালের ইজারা মূল্যের ৪২,২০,১০০/- টাকার উপর ৫% আয়কর বাবদ ২,১১,০০৫/- টাকা সহ সর্বমোট (৪,২২,৫১৪/- + ৩৩,৮৮,৮৮৯/- +৫,১৭,১৮৮/- + ১,৪৭,৫০০/- +১,০৪,২৭৬/- +২,১১,০০৫/-) = ৪৭,৯১,৩৭২/- টাকা আদায় না করায় সরকারের রাজস্ব ক্ষতি হয়েছে।<br>[বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট "১৫" তে দেওয়া হলো।] |
| অনিয়মের কারণ | ঃ | ▪ আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর Section-52/ Rule-16 অনুযায়ী সরকারি নির্ধারিত হারে আয়কর কর্তন/আদায় করার বিধান রয়েছে।<br>▪ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের ০৭/২/২০০৮ খ্রিঃ তারিখে স্মারক নং- প্রজেই-২/হ-৫/২০০৮/১১৬/১ (৫৫০০) এর অনুচ্ছেদ (ঝ) অনুযায়ী হাট বাজার ইজারা মূল্যের সাথে আদায়কৃত ৫% আয়কর আদায় করে ৭দিনের মধ্যে সরকারি কোষাগারে জমা করতে হবে।<br>▪ আয়কর অধ্যাদেশ ১৯৮৪- এর ৫৩ ক ধারা অনুযায়ী উৎসে কর্তিত আয়কর সরকারি কোষাগারে জমা করতে হবে।<br>▪ অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ০১/০৭/২০১০ তারিখের (আয়কর) প্রজ্ঞাপন এস আর ও নং- ২৬২/ আইন/ আয়কর ২০১০ মোতাবেক ২ লক্ষ পর্যন্ত শূন্য ২ লক্ষ উর্ধ্বে-১%, ৫ লক্ষ উর্ধ্বে ২.৫%, ১৫ লক্ষ উর্ধ্বে ৩.৫%, ২৫ লক্ষ টাকার উর্ধ্বে ৪% আয়কর কর্তনের বিধান রয়েছে। উক্ত এস আর ও মোতাবেক কর্তন না করায় রাজস্ব ক্ষতি সাধিত হয়েছে।<br>▪ স্থানীয় সরকার বিভাগ, ফেরিঘাট ইজারা নীতিমালা নং- প্রজেই-২/২১-১/ ২০০৩/ ২৬২ (৫১৭২), তারিখঃ- ১৯/৪/২০০৩ এর ২(দ) (২) মোতাবেক ফেরিঘাট ইজারার অর্থের উপর ৫% আয়কর বাবদ অর্থ ৭(সাত) কার্যদিবসের মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদান করা আবশ্যক। আলোচ্য ক্ষেত্রে তা প্রতিপালন করা হয়নি। |
| স্থানীয় অফিসের জবাব | ঃ | ▪ আগামীতে সরবরাহকারীর বিল হতে উক্ত আয়করের টাকা কর্তন করে সরকারি কোষাগারে জমা করা হবে। |
| নিরীক্ষা মন্তব্য | ঃ | ▪ জবাব সন্তোষজনক নয়। সরকারি বিধির ব্যত্যয় ঘটায় আপত্তিকৃত অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।<br>▪ সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ১৫/৫/২০১১খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগ এর সচিব বরাবর অগ্রিম অনুচ্ছেদ ইস্যু করা হয়। পরবর্তীতে ১২/৭/২০১১খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১২/১২/২০১১খ্রিঃ তারিখে আধা সরকারি পত্র জারি করা হয়, অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব/ মন্তব্য পাওয়া যায়নি। |
| নিরীক্ষার সুপারিশ | ঃ | ▪ উক্ত অনিয়মের দায়-দায়িত্ব নির্ধারণ পূর্বক আপত্তিকৃত অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা করে প্রমাণকসহ নিরীক্ষাকে অবহিত করা আবশ্যক। |

অনুচ্ছেদ নং- ১৬॥

শিরোনাম ঃ বিভিন্ন সরবরাহকারী, অগ্রিম গ্রহণকারী এবং ঠিকাদারের বিল হতে ভ্যাট বাবদ ২০,৪৭,৪০৯/- টাকা কর্তন/আদায় না করায় রাজস্ব ক্ষতি।

অনিয়মের বিবরণ ঃ

- চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ২০০৯-১০ সনের হিসাব নিরীক্ষাকালে দেখা যায় যে, বিভিন্ন সরবরাহকারী এবং অগ্রিম গ্রহণকারীর বিল হতে ভ্যাট বাবদ ৪,৫৮,৯৭৬/- টাকা এবং ঠিকাদারী বিল, ক্যাশ বহি এবং আইটি ভ্যাট রেজিষ্টার পর্যালোচনায় দেখা যায় যে, ঠিকাদারের নিকট থেকে ভ্যাট বাবদ ১৫,৮৮,৪৩৩/-টাকা সহ সর্বমোট (৪,৫৮,৯৭৬/- + ১৫,৮৮,৪৩৩/-) = ২০,৪৭,৪০৯/- টাকা কম আদায়/কর্তন/আদায় করা হয়নি।

  [বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট "১৬" তে দেওয়া হলো।]

অনিয়মের কারণ ঃ

- জাতীয় রাজস্ব বোর্ডের ২৯/০৬/২০০৮ তারিখের এস আর ও নং-১৯৭-আইন/২০০৮/৪৯৯ মূসক মোতাবেক বিল পরিশোধের সময় নির্ধারিত হারে ভ্যাট আদায় না করায় এবং ১০/৬/২০১০ তারিখের এস আর ও নং-২০১/আইন/২০১০/৫৫০ মোতাবেক সরকারি কোষাগারে জমা না করায় রাজস্ব ক্ষতি হয়েছে।

স্থানীয় অফিসের জবাব ঃ

- আগামীতে উক্ত সরবরাহকারীর বিল হতে উক্ত ভ্যাট এর টাকা কর্তন করে সরকারি কোষাগারে জমা করা হবে।

নিরীক্ষা মন্তব্য ঃ

- জবাব সন্তোষজনক নয়। সরকারি আদেশের ব্যত্যয় ঘটায় আপত্তিকৃত অর্থ সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

- সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ১৫/০৫/২০১১খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগের এর সচিব বরাবর অগ্রিম অনুচ্ছেদ ইস্যু করা হয়। পরবর্তীতে ১২/০৭/২০১১খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১২/১২/২০১১খ্রিঃ তারিখে আধা সরকারি পত্র জারি করা হয়, অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব/ মন্তব্য পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ

- উক্ত অনিয়মের দায়-দায়িত্ব নির্ধারণ পূর্বক আপত্তিকৃত অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা করে প্রমাণকসহ নিরীক্ষাকে অবহিত করা আবশ্যক।

অনুচ্ছেদ নং- ১৭॥

| | | |
|---|---|---|
| শিরোনাম | ঃ | সরকারি বিধি বিধান অনুসরণ না করে প্রাধিকার বহির্ভূতভাবে বিজয় টিভি চ্যানেল প্রতিষ্ঠা ও সম্প্রচারের জন্য সিটি কর্পোরেশন তহবিলের ৫৩,৭০,২৪২/- টাকা আর্থিক ক্ষতি। |
| অনিয়মের বিবরণ | ঃ | ▪ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ২০০৯-১০ সনের হিসাব নিরীক্ষাকালে দেখা যায় যে, চট্টগ্রাম সিটি কর্পোরশনের অর্থায়নে বিজয় টিভি নামে একটি টিভি চ্যানেল প্রতিষ্ঠা ও সম্প্রচারের জন্য ৫৩,৭০,২৪২/- টাকা বিধি বহির্ভূত ভাবে ব্যয় করায় আর্থিক ক্ষতি হয়েছে।<br>[বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট "১৭ " তে দেওয়া হলো।] |
| অনিয়মের কারণ | ঃ | ▪ বিধি বহির্ভূত ভাবে প্রশাসনিক মন্ত্রণালয় ও তথ্য মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতিরেকে টিভি চ্যানেল চালু করে। |
| স্থানীয় অফিসের জবাব | ঃ | ▪ চট্টগ্রাম উন্নয়ন সম্ভাবনা সংক্রান্ত ও আন্তর্জাতিক পর্যায়ে ব্যাপক প্রচারের নিমিত্তে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অর্থায়নে বিজয় টিভি চ্যানেল প্রতিষ্ঠা ও সম্প্রচারের জন্য ১,৭৮,০২,০০০/- টাকা বরাদ্দ করা হয়। সরকারি সিদ্ধান্ত মোতাবেক ১৫/৩/০৭ তারিখে বিজয় টিভি সম্প্রচার বন্ধ করা হয়। চ্যানেল বন্ধ হয়ে যাওয়ার পর টিভির জন্য নীট ১,৭৮,০২,০০০/- টাকার মধ্যে ১,২৪,৩১,৭৫৮/- টাকা কর্পোরেশন তহবিলে ফেরত প্রদান করা হয়। বাকী (১,৭৮,০২,০০০- ১,২৪,৩১,৭৫৮) = ৫৩,৭০,২৪২/- টাকার মধ্যে বিজয় টিভি সম্প্রচারের জন্য ডিসএন্টিনা, কম্পিউটার ও আনুষাঙ্গিক ভি-সেট ও আনুষঙ্গিক সরঞ্জামাদি, সম্প্রচারের জন্য অনুষ্ঠানমালা ক্রয়, ভি-সেট ব্যবহারের জন্য বিটিআরসি হতে লাইসেন্স ফি'র জন্য উল্লিখিত টাকা ব্যয় করা হয়। ক্রয়কৃত মালামালসমূহ অব্যবহৃত অবস্থায় থাকলে নষ্ট হয়ে যেতে পারে সেহেতু মাননীয় কর্তৃপক্ষের অনুমোদনক্রমে মালামালসমূহ কর্পোরেশনের থিয়েটার ইনস্টিটিউট, প্রিমিয়াম বিশ্ববিদ্যালয় এবং মাননীয় মেয়র মহোদয়ের অফিস কক্ষে ব্যবহার করা হচ্ছে। |
| নিরীক্ষা মন্তব্য | ঃ | ▪ জবাব সন্তোষনজনক নয়। এ ধরনের বিনিয়োগের পূর্বে মন্ত্রণালয়ের অনুমোদন নেয়া আবশ্যক ছিল। এক্ষেত্রে অনুমোদন না নেওয়ায় সিদ্ধান্ত গ্রহনকারী ব্যক্তিবর্গের দায়-দায়িত্ব নির্ধারণ করা আবশ্যক।<br>▪ সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ১৫/০৫/২০১১খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগের এর সচিব বরাবর অগ্রিম অনুচ্ছেদ ইস্যু করা হয়। পরবর্তীতে ১২/০৭/২০১১খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১২/১২/২০১১খ্রিঃ তারিখে আধা সরকারি পত্র জারি করা হয়, অদ্যাবধি কোন নিস্পত্তিমূলক জবাব/ মন্তব্য পাওয়া যায়নি। |
| নিরীক্ষার সুপারিশ | ঃ | ▪ উক্ত অনিয়মের দায়-দায়িত্ব নির্ধারণ পূর্বক আপত্তিকৃত অর্থ সংশ্লিষ্ট ব্যক্তি/ ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে সংস্থার তহবিলে জমা করে প্রমাণকসহ নিরীক্ষাকে অবহিত করা আবশ্যক। |

অনুচ্ছেদ নং- ১৮॥

শিরোনাম ঃ **ইজারা মূল্য, বিজ্ঞাপনী সংস্থা ও ফি এর উপর ভ্যাট আদায় না করায় এবং আদায়কৃত ভ্যাট কোষাগারে জমা না করায় ভ্যাট বাবদ ১,২৩,১০,৮৯৪/- টাকা সরকারি কোষাগারে জমা না করায় রাজস্ব ক্ষতি।**

অনিয়মের বিবরণ ঃ

- চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ২০১০-১১ আর্থিক সনের হিসাব-নিরীক্ষা কালে হাট বাজার ইজারা সংক্রান্ত নথি পর্যালোচনায় দেখা যায় যে, সাগরিকা গরুর বাজারটি ১৪১৮ বাংলা সনের জন্য জনাব মোঃ এরশাদ মামুন গং-কে ৬,৭৭,৭৭,৭৮৬/- টাকায় ইজারা প্রদান করা হয়। সরকারী বিধি মোতাবেক উক্ত টাকার সাথে আদায়কৃত ১৫% ভ্যাট বাবদ ১,০১,৬৬,৬৬৭/- টাকা,
- রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী কার্যালয়ের ২০১০-১১ আর্থিক সনের হিসাব নিরীক্ষায় পার্ক ইজারা সংক্রান্ত নথিপত্র পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে,"শহীদ জিয়া শিশু পার্ক" ইজারাদারের নিকট হতে ভ্যাট বাবদ ৪,৪২,৫০০/- টাকা এবং বিভিন্ন বিজ্ঞাপনী সংস্থার নিকট হতে ভ্যাট বাবদ ৫,৮৮,৫০০/- টাকা,
- খুলনা সিটি কর্পোরেশন, খুলনা কার্যালয়ের ২০১০-১১ সনের হিসাব নিরীক্ষায় রূপসা ফেরিঘাট (খেয়াঘাট) বাংলা ১৪১৮ সালের ইজারা নথিপত্র পর্যালোচনায় করে দেখা যায় যে, রূপসা ফেরিঘাট ইজারা মূল্যের ৪২,২০,১০০/- টাকার উপর ১৫% ভ্যাট বাবদ ৬,৩৩,০১৫/- টাকা সরকারি কোষাগারে জমা করা হয়নি এবং হাটবাজার খাস আদায় ২৯,০৭,৫১৯/- টাকা হতে আদায়জনিত খরচ ৫% বাদ দেয়ার পর অবশিষ্ট = ২৭,৬২,১৪৩/- টাকার উপর ১৫% ভ্যাট বাবদ ৪,১৪,৩২১/- টাকা সরকারি তহবিলে জমা করার বিধান থাকলেও ৪৮,৭৬৮/- টাকা জমা করায় রাজস্ব ক্ষতির পরিমান দাঁড়ায় ৩,৬৫,৫৫৩/- টাকা, অর্থাৎ (৬,৩৩,০১৫/- + ৩,৬৫,৫৫৩/-) = ৯,৯৮,৫৬৮/- টাকা,
- বরিশাল সিটি কর্পোরেশন, বরিশাল কার্যালয়ের ২০১০-১১ সনের হিসাব নিরীক্ষাকালে পরিলক্ষিত হয় যে, জুলাই/১০ মাস হতে অক্টোবর/১০ মাস পর্যন্ত সময়ের মধ্যে বাড়ি নির্মাণের জন্য প্লান অনুমোদন কাজে ফি বাবদ আদায়কৃত অর্থের উপর শতকরা ১৫% হারে ভ্যাট বাবদ ১,১৪,৬৫৯/- টাকা সহ সর্বমোট (১,০১,৬৬,৬৬৭/- +৪,৪২,৫০০/- ৫,৮৮,৫০০/-+ ৯,৯৮,৫৬৮/- + ১,১৪,৬৫৯/- ) = ১,২৩,১০,৮৯৪/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

(বিস্তারিত বিবরণ পরিশিষ্ট "১৮" তে দেওয়া হলো)।

অনিয়মের কারণ ঃ

- জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর ৩০/০৬/২০১০ তারিখের প্রজ্ঞাপন এস আর ও নং- ২৪৪- আইন/২০১০/ ৫৬৪ মূসক মোতাবেক ফি বাবদ আদায়কৃত অর্থের উপর ১৫% হারে ভ্যাট আদায় না করায় রাজস্ব ক্ষতি।
- জাতীয় রাজস্ব বোর্ড ২৯/৬/২০০৮ তারিখের এস আর ও নং-১৯৭/আইন/২০০৮/৪৯৯- মূসক সেবা কোড এস ০০৭ তে বিজ্ঞাপনী কোন পণ্যের বা সেবার প্রচারনার জন্য বাণিজ্যিক ভিত্তিতে বিজ্ঞাপন প্রচারনার্থে সহায়তা করণে নিয়োজিত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থার নিকট হতে ১৫% ভ্যাট আদায় করতে হবে।

- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এর ০৭/০২/২০০৮ তারিখের নং- প্রজেই-২/হ-৫/২০০৮/১১৬১(৫৫০০) এর ১(৮) মোতাবেক খাস আদায়কৃত টাকার উপর ১৫% হারে ভ্যাট সরকারি কোষাগারে জমা করতে হবে।

স্থানীয় অফিসের জবাব ঃ
- ইজারা মূল্যের উপর ১৫% ভ্যাট আদায়ের এবং জমাদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

নিরীক্ষা মন্তব্য ঃ
- জবাব সন্তোষজনক নয়। সরকারি আদেশের ব্যত্যয় ঘটায় আপত্তিকৃত অর্থ সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

- সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ১৮/০৪/২০১২খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগের এর সচিব বরাবর অগ্রিম অনুচ্ছেদ ইস্যু করা হয়। পরবর্তীতে ২৩/০৫/২০১২খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৭/০৭/২০১২খ্রিঃ তারিখে আধা সরকারি পত্র জারি করা হয়, অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব/ মন্তব্য পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ
- উক্ত অনিয়মের দায়-দায়িত্ব নির্ধারণসহ আপত্তিকৃত টাকা অবিলম্বে সরকারি খাতে জমা করে প্রমাণকসহ অডিট অফিসকে অবহিত করা আবশ্যক।

অনুচ্ছেদ নং- ১৯॥

| | | |
|---|---|---|
| শিরোনাম | ঃ | **হাটবাজার ইজারা মূল্যের উপর সেলামি বাবদ ৩৩,৮৮,৮৮৯/- টাকা সরকারি খাতে জমা না করায় রাজস্ব ক্ষতি।** |
| অনিয়মের বিবরণ | ঃ | ▪ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ২০১০-১১ আর্থিক সনের হিসাব-নিরীক্ষাকালে হাট বাজার ইজারার নথি পর্যালোচনায় দেখা যায় যে, সাগরিকা গরুর বাজারটি ১৪১৮ বাংলা সনের জন্য ৬,৭৭,৭৭,৭৮৬/- টাকায় ইজারা প্রদান করা হয়। সরকারি বিধি মোতাবেক ইজারা মূল্যের উপর ৫% হারে সেলামি বাবদ ৩৩,৮৮,৮৮৯/- টাকা সরকারি কোষাগারে জমা না করায় রাজস্ব ক্ষতি হয়েছে। |
| অনিয়মের কারণ | ঃ | ▪ স্থানীয় সরকার বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের সচিব এর ০৭/০২/২০০৮ তারিখের নং- প্রজেই-২/ হ-৫/২০০৮/ ১১৬১ (৫৫০০) এর ১(৮) মোতাবেক খাস আদায় জনিত খরচ, ভ্যাট ও আয়কর বাদে ৫% সেলামি বাবদ অর্থ কোষাগারে জমা করতে হবে। আলোচ্য ক্ষেত্রে তা প্রতিপালন করা হয়নি বিধায় সরকারের রাজস্ব ক্ষতি সাধিত হয়েছে। |
| স্থানীয় অফিসের জবাব | ঃ | ▪ অর্থ জমার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। |
| নিরীক্ষা মন্তব্য | ঃ | ▪ জবাব সন্তোষজনক নয়। সরকারি আদেশের ব্যত্যয় ঘটায় আপত্তি মোতাবেক বর্ণিত অর্থ দ্রুত সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।<br>▪ সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ১৮/০৪/২০১২খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগ এর সচিব বরাবর অগ্রিম অনুচ্ছেদ ইস্যু করা হয়। পরবর্তীতে ২৩/০৫/২০১২খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৭/০৭/২০১২খ্রিঃ তারিখে আধা সরকারি পত্র জারি করা হয়, অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব/ মন্তব্য পাওয়া যায়নি। |
| নিরীক্ষার সুপারিশ | ঃ | ▪ উক্ত অনিয়মের দায়-দায়িত্ব নির্ধারণসহ আপত্তিকৃত টাকা অবিলম্বে সরকারি খাতে জমা করে প্রমাণকসহ অডিট অফিসকে অবহিত করা আবশ্যক। |

অনুচ্ছেদ নং- ২০॥

| | | |
|---|---|---|
| শিরোনাম | ঃ | **অনিয়মিতভাবে কার লোন গ্রহীতাদের গাড়ি রক্ষণাবেক্ষণ ও জ্বালানী বাবদ ১৮,৬৮,৯৪৭/- টাকা প্রদান করায় সংস্থার আর্থিক ক্ষতি।** |
| অনিয়মের বিবরণ | ঃ | ▪ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ২০১০-১১ আর্থিক সনের হিসাব নিরীক্ষায় বিবিধ ভাউচার ও জ্বালানী ব্যয়ের হিসাব যাচাই কালে দেখা যায়, নিরীক্ষা সনে কার লোন গ্রহীতাদের গাড়ি রক্ষণাবেক্ষণ বাবদ ১৩,৮০,০০০/- টাকা এবং জ্বালানী বাবদ ৪,৮৮,৯৪৭/- টাকা সর্বমোট ১৮,৬৮,৯৪৭/- টাকা প্রদান করা হয়েছে (বিবরণ সংযুক্ত)। |
| অনিয়মের কারণ | ঃ | ▪ উল্লেখ্য যে, কার লোন গ্রহীতাগণ TO & E মোতাবেক গাড়ি রক্ষণাবেক্ষণ ও জ্বালানী সংস্থা থেকে প্রাপ্য নয়।<br>[বিস্তারিত বিবরণ পরিশিষ্ট " ১৯" তে প্রদত্ত।]<br>▪ কার লোন গ্রহীতাগণ সংস্থার তহবিল হতে গাড়ি রক্ষণাবেক্ষণ ও জ্বালানী খরচ প্রাপ্য নয়। বিধায় সংস্থার আর্থিক ক্ষতি। |
| স্থানীয় অফিসের জবাব | ঃ | ▪ ইতিমধ্যে উল্লেখিত ব্যয় সংকোচন করা হয়েছে। |
| নিরীক্ষা মন্তব্য | ঃ | ▪ জবাব সন্তোষজনক নয়। প্রাধিকার বহির্ভুত ব্যয় বিধায় আপত্তিকৃত অর্থ দ্রুত আদায় করা আবশ্যক।<br>▪ সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ১৫/০৫/২০১১খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগ এর সচিব বরাবর অগ্রিম অনুচ্ছেদ ইস্যু করা হয়। পরবর্তীতে ১২/০৭/২০১১খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১২/১২/২০১১খ্রিঃ তারিখে আধা সরকারি পত্র জারি করা হয়, অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব/ মন্তব্য পাওয়া যায়নি। |
| নিরীক্ষার সুপারিশ | ঃ | ▪ উক্ত অনিয়মের দায়-দায়িত্ব নির্ধারণ পূর্বক আপত্তিকৃত অর্থ আদায় করে সংস্থার তহবিলে জমা করে প্রমাণক নিরীক্ষাকে অবহিত করা আবশ্যক। |

অনুচ্ছেদ নং- ২১॥

শিরোনাম ঃ **Post-work এর পরিবর্তে Pre-work অনুযায়ী ঠিকাদারকে চূড়ান্ত বিল বাবদ ৯,১০,০৫১/- টাকা অতিরিক্ত পরিশোধ করায় সংস্থার আর্থিক ক্ষতি।**

অনিয়মের বিবরণ ঃ
- চট্টগ্রাম সিটি কর্পোরেশন উন্নয়ন সহায়ক তহবিলে ২০১০-১১ আর্থিক সনের হিসাব-নিরীক্ষায় নথি নং- ২৩৮ (ডিভিশন-২) এ রক্ষিত প্রাক্কলন, টেন্ডার, কার্যাদেশ, এম.বি ও চূড়ান্ত বিল যাচাইকালে দেখা যায় যে,
- প্রাক্কলনে Pre-work. এর পরিমাপ উল্লেখ নেই।
- চূড়ান্ত বিলের এম.বি. নং-৫৩৮/১১ পৃষ্ঠা ১ হতে ১২ তে Pre-work এর পরিমাপ দেখানো হয়েছে ৬,৯৪,২৫৮.৭৫ সিএফটি। Post-work এর পরিমাপ দেখানো হয়েছে ৩,৭৪,৫৮৭ সিএফটি পরবর্তীতে ঠিকাদার মেসার্স রাইছা কনষ্ট্রাকশনকে বিল পরিশোধের সময় Post-work এর পরিমাপের ভিত্তিতে অর্থ পরিশোধ না করে Pre-work এর পরিমাপের ভিত্তিতে অর্থ পরিশোধ করায় ৯,১০,০৫১/- টাকা অতিরিক্ত অর্থ প্রদান করা হয়েছে। বিবরণ নিম্নরূপ

| M.B No | M.B No পৃষ্ঠা নং | Pre-work | Post-work | পার্থক্য | হার @ | টাকার পরিমান |
|---|---|---|---|---|---|---|
| ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ৫৩৮/১১ | ১-১২ | ৬,৯৪,২৫৮.৭৫ সিএফটি | ৩,৭৪,৫৮৭ সিএফটি | ৩,১৯,৬৭১.৭৫ সিএফটি অর্থাৎ ৯০৫০.৭২ cum | ১০০/৫৫ | ৯,১০,০৫১/- |
| | | | | ৩৫.৩২ সিএফটি = ১ cum | | |

অনিয়মের কারণ ঃ
- ঠিকাদারকে অতিরিক্ত অর্থ প্রদান করায় সংস্থার আর্থিক ক্ষতি হয়েছে।

স্থানীয় অফিসের জবাব ঃ
- ভুল বশতঃ Pre-work এর স্থলে Post-work লেখা হয়েছে। আপত্তিটি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হলো।

নিরীক্ষা মন্তব্য ঃ
- এমবি তে ভুল বশতঃ Post-work লেখা হয়েছে বক্তব্যটি যুক্তিসংগত নয় বিধায় জবাব গ্রহণযোগ্য নয়। কারণ সেখানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের স্বাক্ষর রয়েছে।
- সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ১৮/০৪/২০১২খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগ এর সচিব বরাবর অগ্রিম অনুচ্ছেদ ইস্যু করা হয়। পরবর্তীতে ২৩/০৫/২০১২খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৭/০৭/২০১২খ্রিঃ তারিখে আধা সরকারি পত্র জারি করা হয়, অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব/ মন্তব্য পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ
- উক্ত বিষয়ে অতিরিক্ত পরিশোধিত অর্থ দায়/দায়িত্ব নির্ধারণ করতঃ দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে সংস্থার তহবিলে জমা করে প্রমাণকসহ নিরীক্ষাকে অবহিত করা আবশ্যক।

অনুচ্ছেদ নং- ২২॥

| | | |
|---|---|---|
| শিরোনাম | ঃ | **পশু জবাই ফি বাবদ ১,০৪,৪৬৫/- টাকা কম আদায় করায় সংস্থার আর্থিক ক্ষতি।** |
| অনিয়মের বিবরণ | ঃ | ▪ খুলনা সিটি কর্পোরেশন, খুলনা কার্যালয়ের ২০০৯-১০ সনের হিসাব নিরীক্ষায় পরিলক্ষিত হয় যে, নির্ধারিত হার অপেক্ষা কম হারে পশু জবাই ফি আদায় করায় ১,০৪,৪৬৫/- টাকা সংস্থার আর্থিক ক্ষতি হয়েছে।<br>(বিস্তারিত বিবরণ পরিশিষ্ট- "২০" তে দেওয়া হলো)। |
| অনিয়মের কারণ | ঃ | ▪ পৌরসভা আর্দশকর তফসিল/ ২০০৩ মোতাবেক প্রতিটি গরু ২৫/- টাকা, মহিষ ৫০/ - টাকা, ছাগল ১০/- টাকা পশু জবাই ফি আদায় করার বিধান রয়েছে। কিন্তু ফি কম আদায় হওয়ায় সংস্থার আর্থিক ক্ষতি হয়েছে। |
| স্থানীয় অফিসের জবাব | ঃ | ▪ ১/১১/০৯ তারিখ হতে কর তফশীল/ ২০০৩ অনুসারে ফি আদায় করা হচ্ছে। |
| নিরীক্ষা মন্তব্য | ঃ | ▪ নিরীক্ষা আপত্তি ০১/১১/০৯ তারিখের পূর্বের রেকর্ডপত্র দৃষ্টে উত্থাপন করা হয়েছে। অতএব আপত্তিকৃত অর্থ রেট অনুযায়ী আদায় করে সংস্থার তহবিলে জমা করা আবশ্যক।<br>▪ সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ১৩/১১/২০১১খ্রিঃ তারিখে স্থানীয় সরকার মন্ত্রণালয় এর সচিব বরাবর অগ্রিম অনুচ্ছেদ ইস্যু করা হয়। পরবর্তীতে ০৯/০১/২০১২খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৯/০৪/২০১২খ্রিঃ তারিখে আধা সরকারি পত্র জারি করা হয়, অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব/ মন্তব্য পাওয়া যায়নি। |
| নিরীক্ষার সুপারিশ | ঃ | ▪ উক্ত অনিয়মের দায়-দায়িত্ব নির্ধারণ পূর্বক আপত্তিকৃত অর্থ আদায় করে সংস্থার তহবিলে জমা করে প্রমাণক সহ নিরীক্ষাকে অবহিত করা আবশ্যক। |

স্বাক্ষরিত
(মোঃ জাকির হোসেন খোন্দকার)
মহাপরিচালক
স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর।

বাঃসঃমুঃ-২০১৫/১৬-২৭৭২কম/এ—৭৫০ বই, ২০১৫।